

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 02-06-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

North East, death:

মোদী সরকার, উত্তর পূর্বাঞ্চলের জনগনের সহায়তায় অটল রয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, গতকাল অসম, মনিপুর, সিকিম ও অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রীদের সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা কালে একথা জানান। শ্রী শাহ, ভারী বর্ষার কারণে বন্যা ও ভূমি ধ্বসের মোকাবিলায় পূর্বত্তরের রাজ্যগুলিকে কেন্দ্র সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সবধরনের সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছেন। এদিকে, NDRF, SDRF, Fire Service ও স্থানীয় কর্তৃপক্ষ সহ উদ্ধারকারী দলগুলি, বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তায় দিনরাত কাজ করছে। উল্লেখ্য, বঙ্গোপসাগরের উপর সৃষ্ট সাম্প্রতিক নিম্নচাপের কারণে, ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের ছয়টি রাজ্যে কয়েকদিন ধরে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত হচ্ছে, যার ফলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়েছে।

CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল পশ্চিম জেলার জলমগ্ন বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। তিনি জানান, ক্রমাগত বর্ষণে রাজ্যের বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। তবে প্রশাসন সর্বত্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। বিশেষ করে পশ্চিম জেলার বিভিন্ন স্থান প্লাবিত হওয়ায় নাগরিকদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে পরিদর্শনে ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ছাড়াও প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তারা। মুখ্যমন্ত্রী আগরতলার হাওড়া নদীর তীরবর্তী চন্দ্রপুর, প্রতাপগড়, বড়দোয়ালী সহ বিভিন্ন প্লাবিত অঞ্চল পরিদর্শন করেন। তিনি বিভিন্ন ত্রাণ

শিবিরে আশ্রয় নেওয়া পরিবারগুলির সদস্যদের সঙ্গে কথা বলে, তাদের সমস্যা সমাধানের বিষয়ে আশ্বস্ত করেন।

ডা: সাহা আরও বলেন, প্রশাসনের উদ্যোগে এখনও পর্যন্ত রাজ্যে ২৪টি ত্রাণ শিবির খোলা হয়েছে। এই শিবিরগুলিতে ১,৩০০ পরিবার আশ্রয় নিয়েছেন। জলে আটকে থাকা নাগরিকদের নিরাপদ জায়গায় সরে আসতে মুখ্যমন্ত্রী আহ্বান জানান।

.Flood Situation/Unakoti:

অবিরাম বর্ষণে ঊনকোটি জেলার দেও ও মনু নদীতে জলস্ফীতি দেখা দিয়েছে। জেলার অনেক নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। কৈলাশহর মহকুমার ১৮৫টি পরিবারের ৭২৯ জন এবং কুমারঘাট মহকুমার ১৯৮ টি পরিবারের ৭৭৩ জন সরকারী ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন। উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় প্রশাসন যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে। NDRF, আপদা-মিত্র ও সিভিল ভলান্টিয়ারদের কাজে লাগানো হয়েছে বলে, ঊনকোটি জেলার জেলাশাসক জানিয়েছেন।

Exam postponed :

রাজ্যে সাম্প্রতিক বন্যা পরিস্থিতির জন্য Under graduate বিটেক ও ডিপ্লোমা স্তরের পরীক্ষাগুলি স্থগিত করল ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। গতকাল ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের সহকারি রেজিস্ট্রার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আজ আগামীকাল ও ৪ঠা জুনের নির্ধারিত পরীক্ষাগুলি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

Relief:

রামকৃষ্ণ মিশন বিবেক নগর কেন্দ্রের পক্ষ থেকে গতকাল রাতে প্রতাপগড় এলাকার জলমগ্ন পরিবার গুলির মধ্যে রাতের খাবার বিতরণ করা হয়। বিবেক নগর মিশনের এর প্রধান শুভ করানন্দ মহারাজের নেতৃত্বে দ্রাণ শিবিরে আশ্রিত ৮০ জনকে খাবার দেওয়া হয়।

CM visit at Maharajganj bazar:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সাম্প্রতিক আগুনে ক্ষতিগ্রস্ত মহারাজগঞ্জ বাজার পরিদর্শন করে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন। তিনি ক্ষতিগ্রস্তদের সহযোগিতা করতে প্রশাসনের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রীর পরিদর্শনকালে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জেলা শাসক ডা বিশাল কুমার প্রমুখ।

Detain of 7 crore drugs :

আসাম রাইফেলস এবং ডিআরআই এর যৌথ অভিযানে গতকাল তেলিয়ামুড়ায় ৭ কোটি টাকার মাদক উদ্ধার হয়েছে। গতকাল সকালে, একটি গাড়ি আটক করে এর মধ্যে তল্লাশি চালিয়ে ৭০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এই ঘটনায় দুজনকে আটক করা হয়েছে। তাদের এবং উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেট ডিআরআই এর হাতে তুলে দেওয়া হয়েছে বলে আসাম রাইফেলস জানিয়েছে।

Sushanta Chordhury:

ত্রিপুরার পর্যটন শিল্পকে আরোও আকর্ষণীয় করার লক্ষ্যে, রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে, সার্বমের লুখুয়াতে একটি ইকো ট্যুরিজম পার্ক নিমাণের পরিকল্পনা

গ্রহণ করা হয়েছে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, গতকাল পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী-সহ বিভিন্ন আধিকারিকদের নিয়ে প্রস্তাবিত এলাকাটি পরিদর্শন করেন।

Suklacharan Noyatia:

আদিম জনজাতি গোষ্ঠীর আর্থসামাজিক মানোন্নয়নে, কেন্দ্র ও রাজ্য সরকার একযোগে কাজ করছে। গতকাল জেলাইবাড়ি ব্লকের কোয়াইফাং কমিউনিটি হলে শান্তিরবাজার মহকুমার জন্য ৬টি মাল্টিপার্পাস সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। প্রত্যেকটি মাল্টিপার্পাস সেন্টার নির্মাণে ব্যয় হবে, ৬০ লক্ষ টাকা। গতকালের অনুষ্ঠানে বনাধিকার আইনে ১৫ জনকে জমির পাড়া-ও বিলি করা হয়।

Weather

আগরতলা ও আশেপাশের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে কিছু কিছু জায়গায় বজ্রপাত সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৩৬.৮ মিলিমিটার। এদিকে খোয়াই ও পশ্চিম জেলায় ভারী থেকে অতিভারী এবং রাজ্যের অন্যান্য জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারী করা হয়েছে।
